রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ২৮, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখঃ ২৮ জানুয়ারী, ২০০৪ ইং/ ১৫ মাঘ, ১৪১০বাং

এস, আর, ও নং-১৯-আইন/২০০৪।-যেহেতু নির্বাহী বিভাগ হইতে বিচার বিভাগ পৃথকীকরণের নিমিত্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৫ এর অধীন রাষ্ট্রপতিকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করিয়া একটি জুডিশিয়াল সার্ভিস কমিশন গঠন করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৫ তে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "কমিশন" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশন ;

(খ) "চেয়ারম্যান" অর্থ কমিশনের চেয়ারম্যান ;

(গ) "প্রবেশ পদ" অর্থ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস এর সহকারী জজ পদ ;

(ঘ) "সরকারী কর্ম কমিশন" অর্থ Bangladesh Public Service Commission Ordinance, 1977 (Ordinance No. LVII of 1977) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Public Service Commission ;

(ঙ) "সদস্য" অর্থ কমিশনের কোন সদস্য ;

(চ) " সার্ভিস" অর্থ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস ;

(ছ) "সার্ভিস পদ" অর্থ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস এর যে কোন পদ।



মূল্য ঃ টাকা ২.০০

৩। **কমিশন প্রতিষ্ঠা ও উহার গঠন**।- (১) বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ দানের উদ্দেশ্যে জুডিশিয়াল সার্ভিস কমিশন নামে একটি কমিশন থাকিবে।

(২) কমিশন নিম্নরূপ সদস্যদের সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ-

(ক) বাংলাদেশের প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারক, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন ;

(খ) সচিব, সংস্থাপন মন্ত্রণালয় ;

(গ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ;

(ঘ) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ;

(ঙ) রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট ;

(চ) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সরকারী কর্ম কমিশনের একজন সদস্য ; এবং

(ছ) জেলা জজ, ঢাকা, পদাধিকার বলে।

৪। **কমিশনের সচিবালয়**।- (১) কমিশনের একটি নিজস্ব সচিবালয় থাকিবে এবং রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে উহা গঠিত হইবে।

(২) উপ-বিধি (১) এ অধীন সচিবালয় গঠিত না হওয়া পর্যন্ত-

(ক) সরকারী কর্ম কমিশনের সচিবালয় কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং উক্ত সচিবালয় কমিশনের সচিবালয় হিসাবে গণ্য হইবে ;

(খ) সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব কমিশনের সচিবের দায়িত্ব পালন করিবেন।

৫। **কমিশনের দায়িত্ব**।- কমিশনের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ দানের জন্য উপযুক্ত ব্যক্তিদিগকে মনোনয়নের উদ্দেশ্যে যাচাই ও পরীক্ষা-পরিচালনা এবং রাষ্ট্রপতির নিকট উপযুক্ত প্রার্থীর নাম সুপারিশ করা ;

(খ) রাষ্ট্রপতি কর্তৃক সার্ভিস পদে নিয়োগ বা তৎসংক্রান্ত অন্য যে কোন বিষয় সম্পর্কে কমিশনের পরামর্শ চাওয়া হইলে কিংবা কমিশনের দায়িত্ব সংক্রান্ত কোন বিষয় কমিশনের নিকট প্রেরণ করা হইলে, সেই সম্পর্কে রাষ্ট্রপতিকে উপদেশ দান ; এবং

(গ) আইন বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ বা ১৩৩ অনুচ্ছেদের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

৬। **কমিশনের সভা**।-(১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কমিশন ইহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিশনের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) কমিশনের সভায় কোরামের জন্য উহার অন্যূন চার জন সদস্যের (সভাপতি বা সভাপতিত্বকারী সদস্যসহ) উপস্থিতির প্রয়োজন হইবে।

(৪) উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে কমিশনের সিদ্ধান্ত গৃহীত হইবে এবং মতামতের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের নির্ণায়ক সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা থাকিবে।

৭। **বার্ষিক প্রতিবেদন**।- কমিশন প্রতি বৎসর একত্রিশে মার্চের মধ্যে পূর্ববর্তী বৎসরে সম্পাদিত স্বীয় কার্যাবলী সম্পর্কে একটি প্রতিবেদন রাষ্ট্রপতির মাধ্যমে সংসদে পেশ করিবে।

৮। **আদেশ জারীর ক্ষমতা**।- এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধান প্রণয়ন করিতে পারিবে।

৯। **অন্তর্বর্তীকালীন সময়ের জন্য বিশেষ বিধান**।- এই বিধিমালা প্রবর্তনের সময় Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982 এর বিধান অনুযায়ী সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের উদ্দেশ্যে সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত কোন কার্যক্রম অসম্পূর্ণ থাকিলে জুডিশিয়াল সার্ভিস কমিশন নিজে তাহা সম্পন্ন করিতে পারিবে বা সরকারী কর্ম কমিশনকে তাহা সম্পন্ন করিবার জন্য অনুরোধ করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আসাদুজ্জামান
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।